

মাঠপর্যায়ের কার্যক্রমের ই-মনিটরিং রিপোর্ট


- ই-মনিটরিং এর তারিখ : ২৮/০৩/২০২৩
- ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী : মোহাম্মদ শহীদুল্লাহ
উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা)।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,
তজুমদ্দিন, ভোলা।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত
অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার
নাম ও পদবী : রমেন্দ্র নাথ বিশ্বাস, উপজেলা মহিলা বিষয়ক
কর্মকর্তা।

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহ:

অদ্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, তজুমদ্দিন, ভোলা ই-মনিটরিং করা হলো। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পের আওতায় ক্রিস্টাইল ও ফ্যাশন ডিজাইন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতি বিষয়ে প্রতি ব্যাচে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় উপজেলায় ৫টি ক্লাব রয়েছে, যার সদস্য সংখ্যা ১৫০ জন। ভালনারেভল উইমেন বেনিফিট কর্মসূচির আওতায় উপজেলায় ২৫৩৪ জন উপকারভোগীকে মাসিক ৩০কেজি হারেচাল বিতরণ করা হচ্ছে। উপজেলায় নিবন্ধিত মহিলা সমিতি সংখ্যা ৩৫, তন্মধ্যে ২৩টি সক্রিয় এবং ১২টি নিষ্ক্রিয়। ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মোট ১৩৩৫৯৬৫/- টাকা বিতরণ করা হয়েছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা যৌতুক, বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, মাদক প্রতিরোধসহ স্কুলগামী কিশোর কিশোরীরা যাতে ইভ-টিজিং এর শিকার না হয় সে লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজন করেন।

মন্তব্য/সুপারিশ:

বিভাগীয় কার্যক্রমসহ সকল কার্যক্রম ই-নথি ও অনলাইনে করার সুপারিশ করা হলো।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়